ভারত মাতাতে আসছে আর্জেন্টিনা জাতীয় দল, নিশ্চিত করল এএফএ



সংগৃহীত ছবি

ভারতের ফুটবলপ্রেমীদের জন্য বড় সুখবর দিয়েছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)। আগামী নভেম্বরের ১০ থেকে ১৮ তারিখের মধ্যে ভারতের কেরালায় একটি প্রীতি ম্যাচ খেলতে যাচ্ছে বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা।তবে প্রতিপক্ষ দল কে হবে তা এখনো চুড়ান্ত হয় নি।

শনিবার (২৩ আগস্ট) এএফএ তাদের আনুষ্ঠানিক ঘোষণায় বিষয়টি নিশ্চিত করেছে। আলোচনার পর কেরালার রাজধানী তিরুবনন্তপুরমের গ্রীনফিল্ড স্টেডিয়ামকেই সম্ভাব্য ভেন্যু হিসেবে নির্ধারণ করা হয়েছে।

এর আগে অক্টোবরে যুক্তরাষ্ট্রে একটি প্রীতি সিরিজ খেলবে লিওনেল স্কালোনির দল। নভেম্বরের দ্বিতীয় সিরিজের একটি ম্যাচ হবে আফ্রিকার অ্যাঙ্গোলায় এবং আরেকটি ভারতের কেরালায়।

কেরালার ক্রীড়ামন্ত্রী ভি. আব্দুরাহিমান বলেন, “আমরা চাইছিলাম আর্জেন্টিনা ২০২৬ নয়, এর আগেই ভারতে খেলতে আসুক। অবশেষে সেই স্বপ্ন পূরণ হচ্ছে।”

সবচেয়ে বড় আকর্ষণ নিঃসন্দেহে লিওনেল মেসি। ২০১১ সালের পর এই প্রথমবার ভারত সফরে আসতে যাচ্ছেন তিনি। ফলে কেরালাজুড়ে তৈরি হয়েছে ব্যাপক উচ্ছ্বাস, যা ইতিমধ্যেই প্রতিবেশী দেশগুলোতেও ছড়িয়ে পড়েছে।

আয়োজকদের এই ম্যাচ ঘিরে প্রত্যাশা অনেক।তারা আশা করছেন পূর্ণ শক্তির দল নিয়ে ভারতের মাটিতে খেলতে আসবে আর্জেন্টিনা।